



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



## জরুরি বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/১২০

তারিখ : ০৭/০২/২০২১

বিষয় : ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত অনলাইনে বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত ও স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে) ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে এবং বেশ কয়েকবার শিক্ষার্থীদের সুযোগ দিয়ে সংযোজন, বিয়োজন এবং সংশোধনী করা হয়েছিল। এর পরেও কোভিড -১৯ মহামারির কারণে যে সমস্ত শিক্ষার্থী রেজিস্ট্রেশন করতে পারেনি বিশেষ বিবেচনায় শুধুমাত্র তাদের রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হলো।

২। উক্ত কার্যক্রমসমূহ আগামী ০৮/০২/২০২১ হতে ২৫/০২/২০২১ তারিখের মধ্যে অনলাইনে (নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদান পূর্বক) সম্পন্ন করতে হবে।

৩। এছাড়া বোর্ড পরিবর্তনের মাধ্যমে আগত শিক্ষার্থীরাও উক্ত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি : ৩০৩/-

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর পরবর্তীতে কোন অবস্থাতেই বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করার সুযোগ দেয়া হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান